যুগান্তর

তারিখ ... OCT 02 2006 ...
পৃষ্ঠা ২৪ কলাম ৩ ...

# বেসরকারি শিক্ষকদের শতভাগ বেতন নগদে দেয়া হচ্ছে

ইউসুফ আলী

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের বর্ধিত বেতনের ৫ শতাংশ বন্ডের মাধ্যমে পরিশোধের সিদ্ধান্ত থেকে সরে এসেছে সরকার। শিক্ষকদের শতভাগ বেতনই নগদে পরিশোধ করার চিন্তাভাবনা চলছে। আগামী ১০ অক্টোবরের মধ্যে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি হতে পারে বলে শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক যুগান্তরকে জানান, সরকারের প্রতিশ্রুতি থাকায় শিক্ষকদের সুবিধার্থে বন্ড না দিয়ে নগদে শতভাগ বেতন [illegible] মাধ্যমে বেতন দেয়া সময়সাপেক্ষ ব্যাপার। সার্বিক চিন্তা করে নগদেই শতভাগ বেতন দেয়ার প্রক্রিয়া চলছে। তবে বাজেট সুবিধার স্বার্থে শেফার্ড পেমেন্ট (অর্থাৎ ছয় মাস পর শর্তে) দেয়ার চিন্তা করা হচ্ছে। খুব শিগগিরই এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি হবে।

শিক্ষক-কর্মচারী ঐক্যজোট বর্ধিত ৫ শতাংশ বেতন বন্ডের পরিবর্তে নগদে পরিশোধের দাবিতে আজ বিকাল সাড়ে ৩টায় সংবাদ সম্মেলন করবে। জোটের চেয়ারম্যান অধ্যক্ষ সেলিম ভূঁইয়া এ সম্পর্কে যুগান্তরকে জানান, শিক্ষামন্ত্রী গত ৬ জুলাই মুক্তাঙ্গনে শতভাগ বেতন প্রদানের ঘোষণা দিয়েছেন। তিনি তখন [illegible] বলেননি। কাজেই শিক্ষামন্ত্রী তার প্রতিশ্রুতি অনুযায়ী শতভাগ বেতনই নগদে পরিশোধের ব্যবস্থা করবেন— এটাই শিক্ষকদের প্রত্যাশা।

১০ শতাংশ বৃদ্ধি করে শতভাগ বেতন প্রদান, বাড়িভাড়া বৃদ্ধিসহ বিভিন্ন দাবি বাস্তবায়নে বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষক কর্মচারীদের ৪০টি সংগঠন গত মে মাস থেকে আন্দোলন শুরু করে। আন্দোলনের এক পর্যায়ে ৬ জুন থেকে শিক্ষকরা লাগাতার ধর্মঘট শুরু করেন। দীর্ঘ এক মাস ধর্মঘটের পর গত ৬ জুলাই শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক শতভাগ বেতন প্রদান, কর্মচারীদের চাকরিবিধি প্রদানসহ বেশ কিছু উল্লেখযোগ্য দাবি পূরণে